

## এইচএসসির ফল। ৫

### মাদ্রাসায় ছেলেরা এগিয়ে

#### নিজস্ব প্রতিবেদক •

মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে এবারের উচ্চমাধ্যমিক (এইচএসসি) সমমানের আলিম পরীক্ষায় ছেলেরা মেয়েদের চেয়ে ভালো করেছেন। পাসের হার ও জিপিএ-৫ পাওয়ার ক্ষেত্রে ছেলেরা এগিয়ে আছেন।

তবে এবার মাদ্রাসা বোর্ডের সার্বিক ফলাফলে পাসের হার গত বছরের চেয়েও কমেছে। অবশ্য গত বছরের চেয়ে জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা বেড়েছে।

গতকাল বৃহস্পতিবার আলিম পরীক্ষার ফল প্রকাশ করা হয়। এবার সারা দেশে আলিমে পাসের হার ৮৮ দশমিক ১৯ শতাংশ। গত বছর পাসের হার ছিল ৯০ দশমিক ১৯ শতাংশ। এর আগের বছর পাসের হার ছিল ৯৪ দশমিক ০৮ শতাংশ। মাদ্রাসা বোর্ড থেকে এ বছর জিপিএ-৫ পেয়েছেন ২ হাজার ৪১৪ জন। গত বছর এ সংখ্যা ছিল ১ হাজার ৪৩৫।

এ বছর মাদ্রাসা বোর্ডের অধীনে সাধারণ, বিজ্ঞান ও মুজাব্বিদ শাখা মিলিয়ে আলিম পরীক্ষায় অংশ নেয় ৮৯ হাজার ৬০৩ জন। এর মধ্যে পাস করেছেন ৭৯ হাজার ২০ জন। ছেলেদের পাসের হার ৮৮ দশমিক ৫৩ শতাংশ (৪৫ হাজার ৬৮৭ জন) এবং মেয়েদের পাসের হার ৮৭ দশমিক ৭৩ শতাংশ (৩৩ হাজার ৩৩৩ জন)। ছেলেদের মধ্যে জিপিএ-৫ পেয়েছেন ১ হাজার ৭৬৭ জন এবং মেয়েদের মধ্যে জিপিএ-৫ পেয়েছেন ৬৪৭ জন।

মাদ্রাসা বোর্ডে সাধারণ শাখায় পরীক্ষায় অংশ নেয় ৮২ হাজার ৫২৩ জন। এদের মধ্যে পাস করেছেন ৭২ হাজার ৫৬২ জন। এই শাখায় পাসের হার ৮৭ দশমিক ৯৩ শতাংশ। বিজ্ঞান শাখায় পরীক্ষায় অংশ নেয় ৬ হাজার ৯১৩ জন, পাস করেছেন ৬ হাজার ৩৩৪ জন। পাসের হার ৯১ দশমিক ৬২ শতাংশ। মোজাব্বিদ শাখায় ১৬৭ জন পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছেন ১২৪ জন। পাসের হার ৭৪ দশমিক ২৫ শতাংশ।

### মেয়েরা এগিয়ে কারিগরিতে

#### নিজস্ব প্রতিবেদক •

কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এ বছরের এইচএসসি (বিএম, ভোকেশনাল ও ডিপ্লোমা ইন কমার্স) পরীক্ষায় ছেলেদের চেয়ে মেয়েরা পাসের হার ও জিপিএ-৫ পাওয়ার ক্ষেত্রে এগিয়ে রয়েছেন। তবে এবার সার্বিকভাবে পাসের হার গত বছরের চেয়ে কমেছে। এ বছর এই বোর্ডে পাসের হার ৮৪ দশমিক ৫৭ শতাংশ। গত বছর পাসের হার ছিল ৮৫ দশমিক ৫৮ শতাংশ।

গতকাল বৃহস্পতিবার কারিগরি বোর্ডের অধীনে অনুষ্ঠিত উচ্চমাধ্যমিক সমমানের পরীক্ষার ফল প্রকাশ করা হয়। এবার কারিগরি বোর্ডে পাসের হার কমলেও গত বছরের চেয়ে জিপিএ-৫-এর সংখ্যা বেড়েছে। এবার জিপিএ-৫ পেয়েছেন ৬ হাজার ৫৮৭ জন। গত বছর এই সংখ্যা ছিল ৬ হাজার ৪৩০। এবার মেয়েদের পাসের হার ছেলেদের চেয়ে

বেশি ৮৮ দশমিক ১২ (২৬ হাজার ৪৫০ জন)। ছেলেদের পাসের হার ৮৩ দশমিক ০৯ (৬০ হাজার ১৯ জন)। জিপিএ-৫ পাওয়ার দিক থেকেও মেয়েরা এগিয়ে। এবার জিপিএ-৫ পেয়েছেন ৩ হাজার ৩৫৩ জন ছাত্রী এবং ছাত্রদের মধ্যে জিপিএ-৫ পেয়েছেন ৩ হাজার ২৩৪ জন। গত বছরও জিপিএ-৫ পাওয়ার ক্ষেত্রে মেয়েরা এগিয়ে ছিলেন।

এ বছর কারিগরি বোর্ড থেকে মোট ১ লাখ ২ হাজার ২৪৮ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেন। এর মধ্যে পাস করেছেন ৮৬ হাজার ৪৬৯ জন। কারিগরি বোর্ডে ব্যবসায় ব্যবস্থাপনা (বিএম) শিক্ষাক্রমে পাসের হার ৮৬ দশমিক ৩০ শতাংশ (৮০ হাজার ২০৫ জন), ভোকেশনালে পাসের হার ৬৬ শতাংশ ৪০ (পাঁচ হাজার ৯৮৭ জন) এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমে পাসের হার ৯৫ দশমিক ১৯ শতাংশ (২৭৭ জন)।